উপজেলা পরিষদ কার্যালয়
সৈয়দপুর, নীলফামারী

স্মারক নং -

তারিখ ঃ ০৩ অক্টোবর, ২০২১খ্রিঃ

বিষয় ঃ উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটির সাধারণ সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৬/১০/২০২১ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১০.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটির সাধারণ সভা অনুষ্ঠিত হবে ।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

(মোছাঃ সানজিদা বেগম লাকী)
সভাপতি
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি
ও
ভাইস-চেয়ারম্যান (মহিলা)
উপজেলা পরিষদ, সৈয়দপুর,নীলফামারী।

প্রাপক,
১। সদস্য সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি ও
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, সৈয়দপুর, নীলফামারী।
২। চেয়ারম্যান, ...........................ইউনিয়ন পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।
৩।..............................................................সৈয়দপুর, নীলফামারী।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, নীলফামারী ।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী ।
৪। উপজেলা নির্বাহী অফিসার , সৈয়দপুর, নীলফামারী ।
৫। অফিস কপি।

(মোছাঃ সানজিদা বেগম লাকী)
সভাপতি
উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি
সৈয়দপুর,নীলফামারী।

সৈয়দপুর উপজেলা পরিষদ

জেলাঃ নীলফামারী

স্মারক নংঃ

তারিখঃ ০৬/১০/২০২১খ্রিঃ

## উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটির সাধারণ সভার কার্যবিবরনী

সভাপতি ঃ মোছাঃ সানজিদা বেগম লাকী
ভাইস চেয়ারম্যান (মহিলা)
উপজেলা পরিষদ, সৈয়দপুর ,নীলফামারী।

সভার তারিখ ঃ ০৬ অক্টোবর, ২০২১খ্রিঃ

সময় ঃ ১০.৩০ ঘটিকা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, সৈয়দপুর ,নীলফামারী।

**উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)**

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য কমিটির সদস্য সচিব ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার কে অনুরোধ জানান। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয় ।

**২। আলোচ্য বিষয়-০২ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির কার্যক্রম পর্যালোচনা**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন যে, টিকাদান কার্যক্রমের আওতায় এ পর্যন্ত ৪০% প্রাপ্ত বয়স্ক মানুষকে টিকা প্রদান করা হয়েছে। এ পর্যন্ত ১,০০,০০০ (এক লক্ষ) টিকা প্রদান করা হয়েছে। এছাড়াও তিনি অসুস্থ্য ব্যক্তি ছাড়া সবাইকে করোনাভাইরাসের ভ্যাকসিন গ্রহণের জন্য অনুরোধ জানান এবং সকলকে ঘনঘন হাত ধোয়া, মাস্ক পরিধানসহ সামাজিক দূরত্ব বজায় রেখে চলার জন্য অনুরোধ করেন। | সৈয়দপুর উপজেলায় করোনাভাইরাসের ভ্যাকসিন গ্রহণের জন্য মানুষদের মাঝে সচেতনতা তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সৈয়দপুর |

**৩। আলোচ্য বিষয়-০৩ঃ অ্যান্টিবায়োটিক ঔষধের অপব্যবহার ও অপচিকিৎসা রোধে গ্রাম্য চিকিৎসক, ফার্মেসী মালিক/কর্মচারীদের সচেতনতা বৃদ্ধিমূলক কর্মশালা**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভার সদস্য সচিব জনাব ডাঃ মোঃ আলিমুল বাসার সভায় জানান যে, চিকিৎসাবিধি বহির্ভুত/বেআইনীভাবে বাংলাদেশে যত্রতত্র অ্যান্টিবায়োটিক ঔষধের অপ-প্রয়োগ/ অপব্যবহার এবং অপকিচিৎসার প্রবণতা মারাত্বক আকার ধারণ করেছে। স্থানীয় পর্যায়ে ফার্মেসীর মালিকা/কর্মচারী ও গ্রাম্য চিকিৎসকদের অ্যান্টিবায়োটিক ঔষধ প্রয়োগ, ব্যবহারবিধি সম্পর্কে যথাযথ জ্ঞান ও দক্ষতা না থাকার কারনে অপচিকিৎসা প্রদানের হার ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। অ্যান্টিবায়োটিক ঔষধের অপ-প্রয়োগ ও অপব্যবহার বর্তমানে জাতীয় সমস্যায় পরিনত হয়েছে। অ্যান্টিবায়োটিক ঔষধের অপ-প্রয়োগ/অপব্যবহার এবং অপকিচিৎসার ফলে স্বাস্থ্যঝুঁকি বৃদ্ধি পাচ্ছে।<br>উপ-প্রকল্প যেসব সমস্যার সমাধান করবে/চাহিদা মেটাবেঃ<br>• অ্যান্টিবায়োটিক ঔষধ সঠিক প্রয়োগ/ব্যবহারের বিধি এবং অপপ্রয়োগ/অপব্যবহার ও অপচিকিৎসার ক্ষেত্রসমুহ সম্পর্কে জানতে পারবে। | জনগুরুত্বপূর্ণ বিবেচনায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপ-প্রকল্পটি উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটির সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সৈয়দপুর |

| | | |
|---|---|---|
| • অ্যান্টিবায়োটিক ঔষধের অপব্যবহার ও অপচিকিৎসা রোধে গ্রাম্য চিকিৎসক, ফার্মেসী মালিক/ কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য।<br>• অ্যান্টিবায়োটিক ওষুধের অপব্যবহার এবং অপচিকিৎসার প্রভাব সম্পর্কে জানতে পারবে।<br>• ঔষধ আইন ( বিষ আইন ১৯১৯, বিপদজ্জনক ঔষধ আইন ১৯৩০, ঔষধ আইন ১৯৪০,ঔষধ ( নিয়ন্ত্রন) অধ্যাদেশ ১৯৮২, মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইন ১৯৯০) বিভিন্ন ধারা সম্পর্কে জানতে পারবে।<br>• ফার্মেসী অধ্যাদেশ ১৯৭৬ অনুযায়ী ঔষধ সংরক্ষন ও বিপণনের নীতিমালা সম্পর্কে জানতে পারবে।<br>• অত্যাবশ্যকীয় ঔষধ এবং নিরাপদ ঔষধ ব্যবহার সম্পর্কে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধি পাবে। | | |

**৪। অতপরঃ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।**

(মোছাঃ সানজিদা বেগম লাকী)
সভাপতি
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি
ও
ভাইস-চেয়ারম্যান (মহিলা)
উপজেলা পরিষদ, সৈয়দপুর,নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার এর কার্যালয়
সৈয়দপুর, নীলফামারী।

স্মারক নং-

তারিখঃ ০৬/১০/২০২১খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, নীলফামারী ।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী ।
৪। উপজেলা নির্বাহী অফিসার , সৈয়দপুর, নীলফামারী ।
৫। উপজেলা................................ কর্মকর্তা, সৈয়দপুর, নীরফামারী।
৬। চেয়ারম্যান, .............................ইউনিয়ন পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।
৭। অফিস কপি।

(ডাঃ মোঃ আলিমুল বাসার)
সদস্য সচিব
উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি
ও
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার
সৈয়দপুর, নীলফামারী।